# অনলাইন প্রশিক্ষণ নির্দেশিকা, ২০২১





## জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

www.nilg.gov.bd

# অনলাইন প্রশিক্ষণ নির্দেশিকা, ২০২১

**প্রকাশক**

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট
২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**স্বত্বাধিকারী**

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট
২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**প্রকাশকাল**

এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ।

**মুদ্রণ :**

নিলমনি প্রিন্টিং প্রেস

**১. শিরোনাম ও প্রবর্তন**

এ নির্দেশিকা 'এনআইএলজি অনলাইন প্রশিক্ষণ নির্দেশিকা, ২০২১' নামে অভিহিত হবে। গেজেট প্রকাশের তারিখ হতে তা কার্যকর হবে এবং নির্দেশিকায় বর্ণিত পরিস্থিতিতে প্রযোজ্য হবে।

**২. সংজ্ঞা-**

(ক) প্রতিষ্ঠান: প্রতিষ্ঠান বলতে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)'কে বুঝাবে।

(ক) অনলাইন প্রশিক্ষণ (Online Training): অনলাইন প্রশিক্ষণ বলতে বিভিন্ন ই-প্লাটফরম ব্যবহার করে সরাসরি আয়োজিত প্রশিক্ষণকে বুঝাবে।

(গ) ই-লার্নিং প্রশিক্ষণ (E-Learning Training): ই-লার্নিং প্রশিক্ষণ বলতে ভার্চুয়াল প্লাটফরমে কোর্স ডিজাইন ও সম্পন্ন করাকে বুঝাবে।

(ঘ) স্বল্পমেয়াদী প্রশিক্ষণ: দিনব্যাপী অবহিতকরণ প্রশিক্ষণ, অভ্যন্তরীণ (ইন-হাউজ) দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ এবং ০২ হতে ১৫ দিন পর্যন্ত মেয়াদে আয়োজিত কোর্সসমূহকে স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্স বুঝাবে।

(ঙ) দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ: ১৬ হতে ৪৫ দিন পর্যন্ত মেয়াদী কোর্সকে দীর্ঘমেয়াদী কোর্স বুঝানো হবে।

(চ) বিশেষ পরিস্থিতি: দেশের অভ্যন্তরীণ বা বৈশ্বিক দূর্যোগ কিংবা রাজনৈতিক অস্থিরতা বা অন্য যে কোন পরিস্থিতি।

(ছ) প্রশিক্ষণ বাস্তবায়নের সহযোগিতাকারী অংশীজন: এনআইএলজির প্রশিক্ষণ বাস্তবায়নের সহযোগিতাকারী উপজেলা রিসোর্স টিম, জেলা রিসোর্স টিম-এর সদস্যবৃন্দ, সমধর্মী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুষদ সদস্য এবং রিসোর্স পুলের সদস্যবৃন্দকে বুঝাবে।

(জ) প্রশিক্ষণ নেটওয়ার্ক: প্রশিক্ষণ নেটওয়ার্ক বলতে এনআইএলজি'র প্রশিক্ষণ বাস্তবায়নের সহযোগিতার লক্ষ্যে গঠিত উপজেলা রিসোর্স টিম (ইউআরটি), জেলা রিসোর্স টিম (ডিআরটি), সমধর্মী বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং এনআইএলজি রিসোর্স পুল এর মাধ্যমে বাস্তবায়িত প্রশিক্ষণ কার্যক্রম।

**৩. এনআইএলজি অনলাইন প্রশিক্ষণ নির্দেশিকা প্রবর্তন প্রেক্ষাপট**

যে প্রেক্ষাপটকে বিবেচনা পৃথকভাবে "এনআইএলজি অনলাইন প্রশিক্ষণ নির্দেশিকা, ২০২১" প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে তা নিম্নরূপ-

(ক) প্রতিষ্ঠানটি "জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট আইন, ১৯৯২" নামক পৃথক একটি আইন দ্বারা পরিচালিত। এ আইনের ধারা ৩ (খ) অনুযায়ি প্রতিষ্ঠানটি একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং প্রতিষ্ঠানের স্থায়ী ধারাবাহিকতা রয়েছে। এছাড়াও আইনের ধারা ৬ (ক) অনুযায়ি ইনস্টিটিউটের প্রথম প্রধান দায়িত্ব হলো সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচিত জনপ্রতিনিধি

এবং নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণকে স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা। প্রতিষ্ঠানের বিদ্যমান পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি নিয়মিত অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার আবশ্যকতা হতে প্রতিষ্ঠানের জন্য একটি পৃথক নির্দেশিকা প্রণয়ন করা প্রয়োজন;

(খ) জনপ্রশাসন মন্ত্রনালয় কর্তৃক প্রণীত "অনলাইন প্রশিক্ষণ নির্দেশিকা, ২০২১" মন্ত্রনালয় কর্তৃক নিয়োগপ্রাপ্ত প্রায় একই বা সমপর্যায়ের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন কর্মকর্তাগণের অনলাইন প্রশিক্ষণ প্রদানের জন্য ব্যবহার করা হবে। এনআইএলজি-এর প্রশিক্ষণার্থী দেশের ৫টি স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচিত জনপ্রতিনিধি ও নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণ। এনআইএলজি-র প্রশিক্ষণার্থীগণ বিবেচনায় প্রশিক্ষণ আয়োজন ও বাস্তবায়নে ভিন্নতর কৌশল ও ব্যবস্থাপনা প্রয়োজন বিধায় পৃথক নির্দেশিকা প্রবর্তন করা প্রয়োজনীয়তা পরিলক্ষিত হয়েছে;

(গ) প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে অন্যান্য প্রতিষ্ঠানের সহিত জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর ভিন্নতা রয়েছে, যেমন- প্রশিক্ষণার্থীর ধরণ (নির্বাচিত জনপ্রতিনিধি ও নিয়োজিত কর্মচারী, শিক্ষাগত যোগ্যতার ভিন্নতা, রাজনৈতিক অভিজ্ঞতা সম্পন্ন, ক্ষেত্র বিশেষে বিভিন্ন কমিটির সদস্য হিসেবে সাধারণ জনগণ এবং উপজেলা রিসোর্স টিম ও জেলা রিসোর্স টিম সদস্য, ইত্যাদি), স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সংখ্যা (ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা এবং সিটি কর্পোরেশন) এবং প্রশিক্ষণার্থীর সংখ্যা  ইত্যাদি। 'সকল ধরণের প্রশিক্ষণার্থীকে নিয়মিত প্রশিক্ষণের আওতায় আনার লক্ষ্যে প্রচলিত পদ্ধতির প্রশিক্ষণের পাশাপাশি এনআইএলজি-কে প্রতিবছর নির্দিষ্ট সংখ্যক প্রশিক্ষণার্থীকে অনলাইনের মাধ্যমে প্রশিক্ষণে আনার প্রয়োজনীয়তা পরিলক্ষিত হয়েছে। এ প্রেক্ষাপটে এনআইএলজির জন্য একটি পৃথক অনলাইন প্রশিক্ষণ নির্দেশকা প্রয়োজন;

(ঘ) এনআইএলজির অনলাইন প্রশিক্ষণ কোর্সের প্রতিটি ব্যাচের সাদৃশ্য বজায় বা মিল রাখার বিষয়টিকে গুরুত্বরোপ করে কোর্স শুরুর পূর্বে এতদ্‌সংক্রান্ত রিসোর্স পুল গঠন ও প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) আয়োজন এবং ব্যবস্থাপনা সংক্রান্ত ব্রিফিং সেশন ইত্যাদি বিষয়ে সুস্পষ্ট ধারণার লক্ষ্যে প্রতিষ্ঠানের জন্য পৃথক অনলাইন প্রশিক্ষণ নির্দেশিকা প্রয়োজনীয়তা পরিলক্ষিত হয়েছে; এবং

(ঙ) অনলাইন প্রশিক্ষণ বাস্তবায়ন পরবর্তিতে ব্যয় সমন্বয় সহজীকরণের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশিকাটি প্রণয়ন করা প্রয়োজন;

**৪. উদ্দেশ্য**

এনআইএলজি'র প্রশিক্ষণ বাস্তবায়নে প্রশিক্ষণ নেটওয়ার্ক সম্প্রসারণের লক্ষ্যে অনলাইন প্রশিক্ষণ অন্তর্ভূক্ত করা হলো। অনলাইনে আয়োজিত প্রশিক্ষণসমূহকে যথাযথ পরিচালনার আওতায় আনার উদ্দেশ্যে এ নির্দেশিকা প্রণয়ন করা হলো।

## ৫. প্রয়োগ

এনআইএলজি কর্তৃক (নিজস্ব অর্থয়ানে এনআইএলজি ও এনআইএলজির প্রশিক্ষণ বাস্তবায়নের সহায়তাকারী অংশীজন দ্বারা পরিচালিত এবং অন্যান্য প্রতিষ্ঠানের অনুরোধের প্রেক্ষিতে দেশে/বিদেশে) আয়োজিত অনলাইন এবং ই-লার্নিং প্রশিক্ষণ পরিচালনার ক্ষেত্রে এই নির্দেশিকার নির্দেশনাসমূহ আব্যশকীয়ভাবে প্রযোজ্য হবে।

## ৬. অনলাইন প্রশিক্ষণের অংশগ্রহণকারী/প্রশিক্ষণার্থী

নিম্নরূপ প্রতিষ্ঠানসমূহ এই নির্দেশিকার বিধানসমূহ অনুসরণপূর্বক অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণ করবে-

ক) সকল স্তরের স্থানীয় সরকার প্রতিষ্ঠানের (সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ) নির্বাচিত জনপ্রতিনিধি এবং নিয়োজিত সকল কর্মকর্তা-কর্মচারীগণ;

খ) এনআইএলজির রিসোর্স টিম (উপজেলা রিসোর্স টিম, জেলা রিসোর্স টিম, রিসোর্স পুলের সদস্য, সমধর্মী জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠানের অনুষদ সদস্য) এর সদস্যবৃন্দ;

গ) স্থানীয় সরকার বিভাগের অনুমোদক্রমে চুক্তিবদ্ধ বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার চাহিদা অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণার্থীবৃন্দ; এবং

ঘ) অভ্যন্তরীণ (ইন-হাউস) প্রশিক্ষণের ক্ষেত্রে প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা-কর্মচারী।

## ৭. অনলাইন প্রশিক্ষণের বিবেচ্য পরিস্থিতি

### ৭.১ স্বাভাবিক পরিস্থিতিতে অনলাইন প্রশিক্ষণ

স্বাভাবিক পরিস্থিতিতে সাধারণভাবে প্রচলিত পদ্ধতিতে স্বশরীরে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে প্রশিক্ষণ গ্রহণকে উৎসাহিত করা হবে। তবে, এনআইএলজি'র প্রশিক্ষণার্থীর সংখ্যা বিবেচনায় প্রশিক্ষণ বর্ষপুঞ্জিতে নিয়মিতভাবে একটি নির্দিষ্ট সংখ্যক প্রশিক্ষণ অনলাইন ও ই-লানিং প্রশিক্ষণের ব্যবস্থা করবে। অনলাইন প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ বিধান অনুসরণ করতে হবে-

(ক) স্বল্প মেয়াদী প্রশিক্ষণ: প্রতিষ্ঠান প্রধানের অনুমোদনক্রমে অফলাইন/প্রচলিত পদ্ধতিতে পরিচালনার জন্য প্রশিক্ষণ  পরিকল্পনায় অন্তর্ভূক্ত স্বল্পমেয়াদী কোন কোর্সের সম্পূর্ণ অংশ অনলাইনে রূপান্তরের মাধ্যমে পরিচালনা করতে পারবে;

(খ) দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ: প্রতিষ্ঠান প্রধানের অনুমোদনক্রমে অফলাইন/প্রচলিত পদ্ধতিতে পরিচালনার জন্য প্রশিক্ষণ  পরিকল্পনায় অন্তর্ভূক্ত দীর্ঘমেয়াদী কোন কোর্সের আংশিক বা ক্ষেত্রে বিশেষে সম্পূর্ণ কোর্স অনলাইনে রূপান্তরের মাধ্যমে পরিচালনা করতে পারবে; এবং

(গ) চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ: উন্নয়ন সহযোগী সংস্থা এবং কোন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের অনুরোধের প্রেক্ষিতে আয়োজিত প্রশিক্ষণ কোর্সের ক্ষেত্রে প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি মোতাবেক অনলাইন কোর্স ডিজাইন, বাস্তবায়ন এবং মূল্যায়ন পদ্ধতি অনুসরণ করবে।

### ৭.২ বিশেষ পরিস্থিতিতে অনলাইন প্রশিক্ষণ

পরিস্থিতি বিবেচনায় প্রশিক্ষণ বর্ষপঞ্জির অন্তর্ভুক্ত কোর্স বা নতুন প্রশিক্ষণ কোর্স সম্পূর্ণ অনলাইন পদ্ধতিতে চালু করা যেতে পারে। এক্ষেত্রে নিম্নরূপ বিধান অনুসরণ করতে হবে-

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের চাকরি স্থায়ীকরণ বা পদোন্নতি ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে এরূপ ক্ষেত্রে কোর্স অনলাইনে চালু করা যেতে পারে।

(খ) নির্দেশনা নং ৫ অনুযায়ি প্রশিক্ষণার্থী/অংশগ্রহণকারীগণের প্রয়োজন বিবেচনায় প্রশিক্ষণ বর্ষপঞ্জির অন্তর্ভুক্ত কোর্স বা নতুন প্রশিক্ষণ কোর্স (Payable Course) সম্পূর্ণ অনলাইন পদ্ধতিতে পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে পারবে;

(গ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দাপ্তরিক দায়িত্ব পালনের পাশাপাশি অথবা প্রতিষ্ঠান যেরূপভাবে অনুমোদন দিবেন, ব্যক্তিগতভাবে অথবা প্রতিষ্ঠানের প্রয়োজনে, সেরূপভাবে অনলাইন পদ্ধতির মাধ্যমে স্বীয় দক্ষতা বৃদ্ধির জন্য অনলাইন কোর্সে অংশগ্রহণ করতে পারবে।

(ঘ) নির্দেশনা নং ৫ অনুযায়ি প্রতিষ্ঠান প্রশিক্ষণার্থী/অংশগ্রহণকারীগণের জন্য জাতীয় স্থানীয় সরকার আইন, ১৯৯২ এর ধারা ৬ (ঠ) অনুযায়ী স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সার্টিফিকেট কোর্স প্রবর্তন করা হলে, তা'অনলাইনে আয়োজন করতে পারবে; এবং

(ঙ) এনআইএলজির কর্মকর্তা-কর্মচারীগণ প্রতিষ্ঠানের প্রয়োজনে বা ব্যক্তিগত আগ্রহে পেশাগত দক্ষতা অর্জনের জন্য সরকার অনুমোদিত দেশীয় বা আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে অনলাইন কোর্সে অংশগ্রহণ করতে পারবে।

### ৭.৩ স্থগিত প্রশিক্ষণ

প্রচলিত পদ্ধতিতে চলমান কোর্স কোন পরিস্থিতিতে স্থগিত করা হলে কোর্সের অবশিষ্টাংশ অনলাইন পদ্ধতিতে আয়োজন করা যাবে।

## ৮. প্রশিক্ষণার্থীর শিষ্টাচার

"এনআইএলজির প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা" অনুযায়ী অনলাইন প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীগণের জন্য নির্ধারিত প্রশিক্ষণার্থী কর্তৃক করণীয় ও বর্জনীয় প্রশিক্ষণার্থীর শিষ্টাচার হিসেবে গণ্য হবে। প্রশিক্ষণার্থীর শিষ্টাচার প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রশিক্ষণার্থীকে অবহিত করতে হবে। শিষ্টাচার ভংগের দায়ে প্রতিষ্ঠান কর্তৃক বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রশিক্ষণার্থীর বিরুদ্ধে আইন-সংগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

## ৯. অনলাইন প্রশিক্ষণ মূল্যায়ন

(ক) প্রশিক্ষণার্থী, প্রশিক্ষক, কোর্স ব্যবস্থাপনা এবং কোর্স মূল্যায়ন প্রক্রিয়া গ্রহণ করা হলে নির্ধারিত মানদন্ড নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে "এনআইএলজি'র প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা" অনুসরণ করা হবে এবং মূল্যায়ন পদ্ধতি প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রশিক্ষণার্থীগণকে অবহিত করবে; এবং

(খ) অনলাইন প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রশিক্ষণার্থীগণকে মূল্যায়ন প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত অবহিত করা সম্ভব না হলে বা মূল্যায়ন প্রক্রিয়া পরিমার্জন করা প্রয়োজন হলে মূল্যায়ন প্রক্রিয়া শুরুর পূর্বে তা'অবহিত করতে হবে।

## ১০. অনলাইন কোর্স ব্রিফিং সেশন ও প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) কোর্স আয়োজন

অনলাইনে আয়োজিত প্রতিটি কোর্স শুরুর পূর্বে কোর্স ডিজাইন ও বাস্তবায়ন প্রক্রিয়া অবহিত করা এবং কোর্সের প্রতিটি ব্যাচের বাস্তবায়নে অভিন্নতা বজায় রাখার লক্ষ্যে এনআইএলজি'র সকল কর্মকর্তা সমন্বয়ে অবহিতকরণ বা ব্রিফিং সেশন আয়োজন করতে হবে। কোর্সের উদ্দেশ্যসহ কোর্স বাস্তবায়ন সংশ্লিষ্ট বিষয়ে ব্রিফিং সেশনে ধারণা প্রদান করা হবে।

## ১১. রিসোর্স টিম গঠন

কোর্স আয়োজনের পূর্বে সংশ্লিষ্ট কোর্সটির জন্য এনআইএলজি'র কর্মকর্তা এবং কোর্স সংশ্লিষ্ট অন্যান্য বিশেষজ্ঞ ব্যক্তি (স্থানীয় সরকার বিভাগ, অন্যান্য মন্ত্রণালয় এবং বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান) সমন্বয়ে একটি নির্দিষ্ট সংখ্যক সদস্য নিয়ে রিসোর্স টিম গঠন করতে হবে। এনআইএলজি'র প্রশিক্ষণ ও পরামর্শ বিভাগ রিসোর্স টিমের সদস্যগণের জন্য প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) কোর্স আয়োজন করবে, যার মাধ্যমে রিসোর্স টিমের সদস্যগণকে কোর্স সম্পর্কে এনআইএলজি'র ও কোর্সের এবং কোর্স মডিউলের উদ্দেশ্য সম্পর্কে স্পষ্ট ধারণা প্রদান করা যাবে।

প্রতিটি অনলাইন কোর্সের জন্য পৃথক রিসোর্স টিম গঠন করতে হবে। মহাপরিচালক, এনআইএলজি-এর নির্দেশনা মোতাবেক প্রতিষ্ঠানের প্রশিক্ষণ ও পরামর্শ বিভাগ রিসোর্স টিম গঠন করবে।

## ১২. প্রশিক্ষণ উপকরণ প্রস্তুত

অনলাইন প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রতিষ্ঠানের প্রশিক্ষণ ও পরামর্শ বিভাগ প্রশিক্ষণ উপকরণ (প্রশিক্ষণ ম্যানুয়েল, হ্যান্ডআউট ও অনুশীলন সিট, ইত্যাদি) প্রস্তুত করবে, প্রস্তুতকৃত প্রশিক্ষণ উপকরণ চূড়ান্ত করবে এবং প্রকাশনা শাখার মাধ্যমে তা'মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করবে। কোর্সের শুরুতে কোর্স ব্যবস্থাপনায় দায়িত্বপ্রাপ্তগণ (একক ও দলীয়) তা নির্ধারিত পদ্ধতিতে সংগ্রহ ও বিতরণ করবে।

ই-লার্নিং প্রশিক্ষণ (E-Learning Training) পদ্ধতিতে প্রশিক্ষণ আয়োজনের পূর্বে ভিডিও কনটেন্ট বা উপকরণ তৈরীর জন্য নির্ধারিত বিষয় ও এনআইএলজি'র আইসিটি বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা সমন্বয়ে টিম গঠন করে দায়িত্ব প্রদান করা যেতে পারে। এক্ষেত্রে প্রশিক্ষণ ও পরামর্শ বিভাগের অডিও ভিজ্যুয়েল টেকনিক্যাল ইউনিট প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। প্রযোজ্য ক্ষেত্রে এনআইএলজি

ই-লার্নিং প্রশিক্ষণ (E-Learning Training) উপকরণ তৈরীর জন্য আউট সোর্সিং করতে পারবে।

## ১৩. প্রশিক্ষণ ও অন্যান্য ভাতা এবং বরাদ্দ

### (ক) প্রশিক্ষণ ভাতা নির্ধারণ

কোর্স কনটেন্ট, কোর্সের মেয়াদ, ক্লাস সেশনের সময় প্রচলিত পদ্ধতির ন্যায় অপরিবর্তিত থাকলে প্রশিক্ষণার্থীদের দৈনিক ভাতা অপরিবর্তিত থাকবে।

### (খ) প্রশিক্ষণ বরাদ্দ

অনলাইন প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীর জন্য প্রশিক্ষণ বাজেটে ইন্টারনেট ডাটা প্যাকেজ ক্রয়ের বরাদ্দ অন্তর্ভূক্ত থাকবে। বরাদ্দের পরিমাণ কোর্সের মেয়াদ ও প্রশিক্ষণার্থীর ধরণ অনুযায়ি মহাপরিচালক এনআইএলজি কর্তৃক অনুমোদিত হবে।

অনলাইন প্রশিক্ষণ আয়োজনে কোর্স পরিচালনার জন্য কোর্স ব্যবস্থাপকগণ মনোনীত প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণার্থীর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ এবং প্রশিক্ষক মনোনয়ন, মনোনীত প্রশিক্ষক, কোর্স সংশ্লিষ্ট অন্যান্য সকলের সাথে মোবাইল ও ই-মেইল মারফত যোগাযোগ করতে হবে। যোগাযোগের জন্য প্রশিক্ষণ বাজেটে মহাপরিচালক, এনআইএলজি'র অনুমোদিত হারে কোর্স সংশ্লিষ্ট কর্মকর্তাগণের জন্য ইন্টারনেট ডাটা প্যাকেজ ও মোবাইল যোগাযোগের জন্য এবং সাপোর্টিং স্টাফগণের জন্য মোবাইল বাবদ বরাদ্দ থাকবে, যা কোর্স ম্যানেজমেন্ট কোর্স শেষে সমন্বয় করবেন।

### (গ) প্রশিক্ষণ সামগ্রী প্রেরণ

প্রশিক্ষণ সামগ্রী (ব্যাগ, পেনড্রাইভ, ক্যালকুলেটর, সনদপত্র, ইত্যাদি) প্রশিক্ষণার্থীগণের নিকট কুরিয়ার মারফত/ডাকযোগে প্রেরণ করা যাবে। কোর্স ব্যবস্থাপনায় দায়িত্বপ্রাপ্তগণ প্রশিক্ষণ সামগ্রী প্রেরণ নিশ্চিত করবেন।

### (ঘ) প্রশিক্ষণ ভাতা ও বরাদ্দ প্রেরণ পদ্ধতি

সর্বাধিক প্রচলিত মাধ্যম (নগদ/বিকাশ) মারফত প্রশিক্ষণার্থীগণের অনুকূলে প্রশিক্ষণ ভাতাসহ সকল বরাদ্দ প্রেরণ করা হবে। প্রশিক্ষণার্থীগণ ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাদি গ্রহণের স্বীকৃতি পত্রের মূল কপি কোর্স ম্যানেজমেন্ট বরাবরে প্রেরণ করবে। তবে, এক্ষেত্রে উল্লেখ্য যে, অগ্রীম সমন্বয়ের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণ প্রেরিত প্রাপ্তি স্বীকার পত্রের স্ক্যান কপি গ্রহণযোগ্য হবে।

## ১৪. প্রশিক্ষক এবং প্রশিক্ষণ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সম্মানী এবং অন্যান্য সুবিধাদি

### ১৪.১ প্রশিক্ষক সম্মানী

(ক) অনলাইন প্রশিক্ষণ (Online Training) পদ্ধতিতে প্রশিক্ষণ সেশন পরিচালনা করা হলে প্রশিক্ষকগণ প্রচলিত পদ্ধতির সমপরিমাণ ঘন্টাভিত্তিক সম্মানী প্রাপ্য হবেন;

(খ) ই-লার্নিং প্রশিক্ষণ (E-Learning Training) পদ্ধতিতে ভিডিও রেকর্ডিং-এর মাধ্যমে প্রশিক্ষণ সেশন পরিচালনা করার ক্ষেত্রে দীর্ঘ পূর্বপ্রস্তুতি (কন্টেন্ট প্রস্তুত, স্ক্রিপ্ট তৈরি,

ভিডিও ধারণ ইত্যাদি কাজে ) প্রয়োজন হলে প্রশিক্ষকগণকে প্রচলিত সম্মানীর সমপরিমাণ থেকে সর্বোচ্চ দ্বিগুণ পরিমাণ পর্যন্ত ঘন্টাভিত্তিক সম্মানী প্রদান করা যাবে; এবং

**১৪.২ অন্যান্য সম্মানী ও সুবিধাদি**

(ক) বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/প্রতিষ্ঠান এবং উন্নয়ন সহযোগী সংস্থার অনুরোধের প্রেক্ষিতে আয়োজিত প্রশিক্ষণের ক্ষেত্রে চুক্তিপত্র অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন সংশ্লিষ্ট কর্মকর্তা, সাপোর্টিং স্টাফগণের জন্য সম্মানী এবং অনলাইন প্রশিক্ষণ আয়োজন সংশ্লিষ্ট খাতে বরাদ্দ এবং প্রশিক্ষক সম্মানীর হার নির্ধারিত হবে।

(খ) বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠানের অনুরোধের প্রেক্ষিতে আয়োজিত অনলাইন প্রশিক্ষণের ক্ষেত্রে মহাপরিচালক, এনআইএলজি'র নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষক, প্রশিক্ষণ সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সাপোর্ট স্টাফগণের সম্মানী নির্ধারণ করা হবে।

(গ) অনলাইন সার্টিফিকেট কোর্স অথবা ডিপ্লোমা কোর্স প্রবর্তন করা হলে এ সংক্রান্ত পৃথক নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষক, কোর্স সংশ্লিষ্ট কর্মকর্তা ও সাপোর্ট স্টাফগণের জন্য নির্ধারিত সম্মানীর হার প্রযোজ্য হবে।

**১৪.৩ প্রশিক্ষক সম্মানী প্রেরণ পদ্ধতি**

প্রশিক্ষক সম্মানী প্রেরণের ক্ষেত্রে সরাসরি বাহক মারফত এবং অধিক প্রচলিত মাধ্যম (নগদ/বিকাশ) ব্যবহার করা যাবে। নগদ/বিকাশে সম্মানী প্রেরণের ক্ষেত্রে প্রশিক্ষকের সম্মানী প্রাপ্তি স্বীকার পত্রের স্ক্যান কপি সমন্বয়ের ক্ষেত্রে গ্রহণযোগ্য বলে বিবেচনা করা যাবে। তবে, বাহক মারফত প্রেরণের ক্ষেত্রে প্রশিক্ষণ বাজেটে বরাদ্দ রাখা প্রয়োজন হবে।

**১৫. প্রশিক্ষণার্থীগণকে দাপ্তরিক কার্যক্রম থেকে অব্যাহতি**

(ক) সার্বক্ষণিক প্রশিক্ষণের ক্ষেত্রে অনলাইনে প্রশিক্ষণ পরিচালনা করা হলেও প্রচলিত পদ্ধতির অনুরূপভাবে প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষণার্থীগণকে দাপ্তরিক কার্যক্রম থেকে অব্যাহতি প্রদান করতে হবে। এক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণকে স্ব স্ব অবস্থানে থেকে প্রশিক্ষণ প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে; এবং

(খ) সার্বক্ষণিক প্রশিক্ষণ না হলে এবং কর্মকালীন প্রশিক্ষণ/পেশাগত ডিগ্রি অর্জনের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণের কর্মস্থল থেকে অবমুক্ত হওয়ার প্রয়োজন নেই।

**১৬. প্রশিক্ষণ সফটওয়্যার তৈরি ও ব্যবহার**

(ক) এনআইএলজি অনলাইন প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় সফটওয়্যার তৈরির উদ্যোগ গ্রহণ করবে এবং অনলাইন প্রশিক্ষণ পরিচালনা ও পরিবীক্ষণে উক্ত সফটওয়্যার ব্যবহার করবে। সফটওয়্যারটি এমনভাবে তৈরি করতে হবে যাতে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের অধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠান উক্ত সফটওয়্যার ব্যবহার করে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে পারে। প্রয়োজনের নিরিখে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ এবং মন্ত্রণালয়ের

অনুমোদনক্রমে তার আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিজস্ব প্রশিক্ষণ সফটওয়্যার তৈরি করতে পারবে; এবং

(খ) প্রশিক্ষণ সফটওয়্যার তৈরি হওয়ার পূর্ব পর্যন্ত মানসম্পন্ন প্রচলিত দেশি/বিদেশি সফটওয়্যার ব্যবহার করে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা যাবে। যদি সরকারি অর্থে এমন কোন সফটওয়্যার তৈরি করা থাকে যা সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ব্যবহার উপযোগী সেক্ষেত্রে প্রতিষ্ঠান স্থানীয় সরকার বিভাগের অনুমোদনক্রমে উক্ত সফটওয়্যার ব্যবহার করে প্রশিক্ষণ বাস্তবায়ন করবে।

## ১৭. প্রশিক্ষণের তথ্য অননুমোদিতভাবে প্রচার (Unauthorized Sharing)

অনলাইন প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং প্রশিক্ষকের অনুমোদন ব্যতীত কোন সেশনের ভিডিও এবং অন্যান্য তথ্য সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোন অনলাইন ও প্রচলিত মাধ্যমে প্রচার করা যাবে না। এরূপ অননুমোদিত প্রচার (Unauthorized Sharing) করা হলে তা'অসদাচরণ হিসেবে গণ্য করা হবে। বিষয়টি প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণের জন্যও প্রযোজ্য হবে।

## ১৮. বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property) ও স্বত্ব (Copyright)

(ক) অনলাইন প্রশিক্ষণের লক্ষ্যে ব্যবহৃত ভিডিও রেকর্ড, স্ক্রিপ্ট ইত্যাদি বুদ্ধিবৃত্তিক সম্পদ ও স্বত্বের ক্ষেত্রে 'কপিরাইট আইন, ২০০০', এবং এ লক্ষ্যে প্রণীত অন্যান্য প্রচলিত আইন এবং বিধি-বিধান অনুসরণ করতে হবে।

(খ) প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অর্থে কোন পেশাদার প্রতিষ্ঠানের মাধ্যমে ধারণকৃত ভিডিও এবং প্রস্তুতকৃত অন্যান্য কনটেন্টের স্বত্ব প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক সংরক্ষিত থাকবে।

(গ) প্রশিক্ষকের নিজস্ব বুদ্ধিবৃত্তি ব্যবহার করে প্রস্তুতকৃত ভিডিও এবং অন্যান্য কনটেন্টের স্বত্ব প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক সংরক্ষিত থাকবে এবং তা'প্রশিক্ষকের অনুমতিক্রমে এক বা একাধিক প্রশিক্ষণ কোর্সে ব্যবহার করা যাবে।




**জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)**
**২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭**
ফোন- ৫৫০০৬৯৯২, ৫৫০০৬৯৯৩, ৫৫০০৬৯৯৪, ৫৫০০৬৯৯৫, ৫৫০০৬৯৮৭, ৫৫০০৬৯৯৭
ওয়েব সাইট- www.nilg.gov.bd, ফ্যাক্স- ৮৮-০২-৫৫০০৬৯৭৯